

# যুগান্তর

## চট্টগ্রাম মহসিন কলেজে ছাত্রলীগের দু'গ্রন্থপে সংঘর্ষ, ধাওয়া-পাল্টাধাওয়া

প্রকাশ : ২৮ ফেব্রুয়ারি ২০১৯, ২১:২৭ | অনলাইন সংস্করণ

 চট্টগ্রাম ব্যৱো



চট্টগ্রাম মহসিন কলেজে ছাত্রলীগের দু'গ্রন্থের সংঘর্ষের ঘটনায় ফেলে  
যাওয়া অন্ত্র উদ্বার করে পুলিশ। ছবি: যুগান্তর

চট্টগ্রাম নগরীর হাজী  
মুহাম্মদ মহসিন  
কলেজে ছাত্রলীগের দুই  
গ্রন্থের মধ্যে সংঘর্ষ ও  
ধাওয়া-পাল্টাধাওয়া  
হয়েছে। এক  
এইচএসসি  
পরীক্ষার্থীকে ধাক্কা  
দেয়াকে কেন্দ্র করে  
বৃহস্পতিবার দুপুর  
পৌনে ১টার দিকে এ  
ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান,  
কলেজে বার্ষিক খন্ডি  
প্রতিযোগিতার মাঠে  
সকাল সাড়ে ১০টার  
দিকে সালাহ উদীন  
গ্রন্থের এক কর্মী  
এইচএসসি পরীক্ষার্থী  
ইমাদকে ধাক্কা দেয়  
কলেজ ছাত্রলীগ নেতা  
মিজান গ্রন্থের কর্মীরা।

এর সূত্র ধরে দুপুর পৌনে ১টার দিকে দুই গ্রন্থের মধ্যে সংঘর্ষ ও ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে।

বিষয়টি নিশ্চিত করে চকবাজার থানার ওসি মুহাম্মদ নিজাম উদ্দীন বলেন, মহসিন কলেজে ছাত্রলীগের দুই গ্রন্থের মধ্যে ধাক্কাধাক্কিকে কেন্দ্র করে ধাওয়া-পাল্টাধাওয়া হয়েছিল। পুলিশ লাঠিচার্জ করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এতে কেউ হতাহত হয়নি।

---

**ভারপ্রাণ সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।